

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৩২

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে হাদীস আমাদের উল্লেখিত হাদীসের সংক্ষিপ্ত শব্দের ব্যাখ্যাকে সমর্থন করে

ذِكْرُ الْخَبَرِ الْمُقْتَصِي لِلَّفْظَةِ الْمُخْتَصِرَةِ الَّتِي ذَكَرْنَاهَا

আরবী

1132 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا أَبُو عَلْقَمَةَ عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي فَرْوَةَ الْمَدِينِيُّ قَالَ: حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ عَنْ جَابِرٍ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَكَلَ طَعَامًا مِمَّا مَسَّتِ النَّارُ ثُمَّ صَلَّى قَبْلَ أَنْ يَتَوَضَّا أَثُمَّ رَأَيْتُ بَعْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبَا بَكْرٍ النَّارُ ثُمَّ صَلَّى قَبْلَ أَنْ يَتَوَضَّا أَثُمَّ رَأَيْتُ بَعْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبَا بَكْرٍ أَكَلَ طَعَامًا مِمَّا مَسَّتُ أَلْنَارُ ثُمَّ صَلَّى قَبْلَ أَنْ يَتَوَضَّا أَثُمَّ رَأَيْتُ بَعْدَ أَبِي بَكْرٍ عُمَرَ أَكَلَ طَعَامًا مِمَّا مَسَّتُهُ النَّارُ ثُمَّ صَلَى قَبْلَ أَنْ يَتَوَضَّا أَثُمَّ رَأَيْتُ بَعْدَ أَبِي بَكْرٍ عُمَرَ أَكَلَ طَعَامًا مِمَّا مَسَّتُهُ النَّارُ ثُمَّ صَلَى قَبْلَ أَنْ يَتَوَضَّا أَثُمَّ رَأَيْتُ بَعْدَ أَبِي بَكْرٍ عُمَرَ أَكَلَ طَعَامًا مِمَّا مَسَّتُهُ النَّارُ ثُمَّ صلى قبل أَن يتوضاً.

الراوي: جَابِر ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1132 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১৩২. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি, তিনি আগুনে পাকানো খাবার খেয়েছেন, তারপর ওয় করার পূর্বেই সালাত আদায় করেছেন, তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পর আবৃ বকর রাদিয়াল্লাহু আনহুকে দেখেছি, তিনি আগুনে পাকানো খাবার খেয়েছেন, তারপর ওয় করার পূর্বেই সালাত আদায় করেছেন, তারপর আবৃ বকর রাদিয়াল্লাহু আনহুর পর উমার রাদিয়াল্লাহু আনহুকে দেখেছি, তিনি আগুনে পাকানো খাবার খেয়েছেন, তারপর ওয় করার পূর্বেই সালাত আদায় করেছেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩২২; আবূ দাউদ: ১৯১; সুনান বাইহাকী: ১/১৫৬; তিরমিযী: ৮০; ইবনু মাজাহ: ৪৯০;



মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৪৭; আবূ দাউদ আত তায়ালিসী: ১৬৭; তাহাবী, শারহুল মা'আনিল আসার: ১/৬৫; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৬৪৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৮৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন